

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৫৬

পরিচ্ছেদঃ ইহরাম পালনকারী ব্যক্তি ইহরাম অবস্থায় মাথা মুন্ডন করে ফেলেন তার উপর কি বর্তাবে।

باب مَا جَاءَ فِي الْمُحْرِمِ يَحْلِقُ رَأْسَهُ فِي إِحْرَامِهِ مَا عَلَيْهِ

## আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَر، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ أَيُّوبَ السَّحْتِيَانِيِّ، وَابْنِ أَبِي نَجِيحٍ، وَحُمَيْدِ الْأَعْرَجِ، وَعَبْدِ الْكَرِيمِ، عَنْ مُجَاهِد، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ كَعْبِ بْنِ عُجْرَة، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم مَرَّ بِهِ وَهُوَ بِالْحُدَيْبِيةِ قَبْلَ أَنْ يَدْخُلَ مَكَّةً وَهُوَ مُحْرِمٌ وَهُو يُوقِدُ تَحْتَ قِدْرٍ وَالْقَمْلُ يَتَهَافَتُ عَلَى وَجْهِهِ فَقَالَ " أَتُونْذِيكَ هَوَامُكَ هَذِهِ " . فَقَالَ نَعْمْ . فَقَالَ " احْلِقْ وَأَطْعِمْ فَرَقًا بَيْنَ سِتَّةِ مَسَاكِينَ " . وَالْفَرَقُ ثَلاَئَةُ آصَعُ " أَوْ صَمُ لَقَالَ نَعَمْ . فَقَالَ " احْلِقْ وَأَطْعِمْ فَرَقًا بَيْنَ سِتَّةِ مَسَاكِينَ " . وَالْفَرَقُ ثَلاَئَةُ آصَعُ " أَوْ صَمُ لَقَالَ نَعَمْ . فَقَالَ " احْلِقْ وَأَطْعِمْ فَرَقًا بَيْنَ سِتَّةِ مَسَاكِينَ " . وَالْفَرَقُ ثَلاَئَةُ آصَعُ " أَوْ صَمُ لَقَالَ نَعَمْ . فَقَالَ " الْخُورَةُ وَلَا الْعِنْ سِتَّةِ مَسَاكِينَ " . وَالْفَرَقُ ثَلاَئَةُ آصَعُ " أَوْ صَمُ لَا لَكِينَ عَنِ النَّهِ عِلْمَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ . وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصَحْمَلُ النَّبِيّ صلى عَنْ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْمُحْرِمَ إِذَا حَلَقَ رَأْسَهُ أَوْ لَبِسَ مِنَ النِّيَابِ مَا لاَ يَبْغِي لَهُ أَنْ يَلْبَسَ فِي إِحْرَامِهِ أَوْ تَطَيَّبَ فَعَلَيْهِ الْكَقَارَةُ بِمِثْلِ مَا رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

## বাংলা

৯৫৬. ইবনু আবী উমার (রহঃ) ...... কা'ব ইবনু উজরা (রাঃ) থেকে বর্ণিত যে, মক্কা প্রবেশের পূর্বে হুদায়বিয়া অবস্থানকালে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিকট দিয়ে যাচ্ছিলেন, কা'ব ছিলেন ইহরামরত। এই সময় তিনি ডেকচির নীচে আগুন জ্বালাচ্ছিলেন, তার চেহারায় উকূন গড়িয়ে পড়ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, এই পোকাগুলো কি তোমাকে কষ্ট দিচ্ছে? কা'ব বললেন, হ্যাঁ, তিনি বললেন, তাহলে মাথা মুন্ডন করে ফেল। আর ছয়জন মিসকীনকে এক 'ফারাক'' খাদ্যসামগ্রী দিয়ে দাও। তিন সা'- তে হয় এক ফারাক। অথবা তিন দিন সিয়াম পালন কর বা একটি জানোয়ার কুরবানী কর। ইবনু আবী নাজীহ (রহঃ) বর্ণনা করেন, অথবা একটি বকরী যবাহ করে দাও। - ইবনু মাজাহ ৩০৭৯, ৩০৮০, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৫৩ [আল মাদানী প্রকাশনী]



ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদিসটি হাসান-সহীহ্। সাহবায়ে কিরাম ও অপরাপর আলিমগণের এই হাদিস অনুসারে আমল রয়েছে যে, মুহরিম ব্যক্তি যদি মাথা মুন্ডন করে ফেলে বা ইহরামের যে ধরণের পরিচ্ছদ পরিধান করা উচিত নয় সে ধরণের কাপড় যদি পরে বা সুগন্ধি ব্যবহার করে তবে এই রিওয়ায়তে বর্ণিত পদ্ধতি অনুসারে তার উপর কাফফারা বর্তাবে।

## **English**

Abdur-Rahman bin Abu Laila narrated from Ka'b bin Ujrah that:
The Prophet passed by him while he was at Al-Hudaibiyah, before entering
Makkah, and he was a Muhrim. He had lit a fire under a cooking pot and lice
were falling all over his face. So he (the Prophet) said: "Have these lice of
yours troubled you?" He said: "Yes." He said: "Shave and feed six of the poor
with a Faraq" and a Faraq is three Sa - "or fast three days, or slaughter a
sacrifice." Ibn Abi Najih (one of the narrators) said: "Or slaughter a sheep."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন